# সুরক্ষা নীতি

নীতি বিবরণ:- ফ্যাক্টরি অ্যাক্ট- ১৯৪৮, ইলেকট্রিসিটি অ্যাক্ট-২০০৩ ও ইলেকট্রিসিটি রুলস-১৯৫৬ তে বর্ণিত সকল দায়িত্ব পালনে WBSEDCL বদ্ধপরিকর। কর্মরত অবস্থায় কোন কর্মীর মৃত্যু, শারীরিক আঘাত ও রোগের দায়ভার বহন করার জন্য বিধিবদ্ধ নিয়ম এবং সাধারণ আইন ও কর্তব্য অনুযায়ী কোম্পানি যথাযথ বীমার ব্যবস্থা নিয়েছে। কর্মীরা স্বাস্থ্য ও সুরক্ষা বিধি মেনে তাদের নিজস্ব দায়িত্ব পালনে সম্মত।

কোম্পানি কর্মীদের স্বাস্থ্য ও সুরক্ষাজনিত বিষয়ে নিম্নলিখিত দায়িত্ব যথাসম্ভব গ্রহণযোগ্যতার সঙ্গে পালন করবে-

- স্বাস্থ্যবিধি মেনে নিরাপদ কর্মস্থল ও কর্মপদ্ধতির পরিবেশ তৈরী করা।
- বিদ্যুৎ বন্টনের সময় ঝুঁকি এড়িয়ে কোম্পানির কর্মচারী, সাধারণ মানুষ, গ্রাহক, ঠিকাকর্মী এবং পশুদের নিরাপত্তা সুনিশ্চিত করা।
- কর্মস্থলে কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা সুনিশ্চিত করতে প্রয়োজনীয় তথ্য (বিদ্যুৎ উৎপাদন ও বন্টন), নির্দেশ (পরিচালনা ও রক্ষণাবেক্ষণ), প্রশিক্ষণ ও তত্ত্বাবধানের ব্যবস্থা করা।
- যথাযথ সুরক্ষাজনিত আগাম সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া।
- প্রয়োজন অনুযায়ী কর্মীদের স্বাস্থ্য পর্যবেক্ষণের ব্যবস্থা করা।
- রক্ষণাবেক্ষণ ও নির্মাণ কাজের সময় পারিপার্শ্বিক পরিবেশের কোন ক্ষতি যাতে না হয় সেদিকে কোম্পানি নজর রাখবে। এই বিধি সকল কোম্পানি কর্মী, চুক্তি ভিত্তিক কর্মী, সাধারণ মানুষ ও বৈধ সাক্ষাৎকারীদের জন্য প্রযোজ্য।

সংশ্লিষ্ট সকলকে এই সুরক্ষা নীতিকে উপযুক্ত মান্যতা দেওয়ার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

তারিখ-

চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর